যুগান্তর

তারিখ 22 JAN 2003
পৃষ্ঠা ৩ কলাম ৮

# জাতীয় কবিতা উৎসব ১ ও ২ ফেব্রুয়ারি

যুগান্তর রিপোর্ট

'জয় কবিতার, জয় মানবতার'- এ স্লোগান নিয়ে আগামী ১ ও ২ ফেব্রুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয় লাইব্রেরি চত্বরে অনুষ্ঠিত হবে সপ্তদশ জাতীয় কবিতা উৎসব। ১ ফেব্রুয়ারি সকাল ১০টায় উৎসবের উদ্বোধন করবেন জাতীয় কবিতা পরিষদের প্রতিষ্ঠাতা সভাপতি ও প্রধান উপদেষ্টা কবি শামসুর রাহমান। গতকাল টিএসসিতে অনুষ্ঠিত সাংবাদিক সম্মেলনে কবিতা পরিষদের সাধারণ সম্পাদক কবি ড. মুহাম্মদ সামাদ এ তথ্য প্রকাশ করেন। এ সময় উপস্থিত ছিলেন উৎসবের আহ্বায়ক কবি রবিউল হুসাইন, সমুদ্র গুপ্ত, ফারুক মাহমুদ, গোলাম কিবরিয়া পিনু, আসলাম সানী, হাসান হাফিজ, সাইফুল্লাহ মাহমুদ দুলাল প্রমুখ। ১ ফেব্রুয়ারি উৎসবের উদ্বোধনী দিনে সকাল ১০টায় আনুষ্ঠানিক উদ্বোধনী বক্তৃতামালা শেষে নগরীতে কবিদের বর্ণাঢ্য র‍্যালি বের হবে। বিকালে রয়েছে বাংলাদেশের বিভিন্ন ভাষার নবীন-প্রবীণ কবি ও বিদেশের বিভিন্ন ভাষার কবিদের কবিতা পাঠ ও বিশিষ্ট আবৃত্তি শিল্পীদের আবৃত্তি। ২ ফেব্রুয়ারি সকাল ১০টায় ৩টি সেমিনার উপস্থাপিত হবে। 'মাটি ও মানুষের কবি জসীমউদ্দীন, বাংলাদেশের

কবিতা : পৃষ্ঠা : ২ কলাম : ৮

আনন্দধারা

## কবিতা : উৎসব

(৩য় পৃষ্ঠার পর)

সাম্প্রতিক রাজনৈতিক কবিতা ও সমাজ বাস্তবতা, উত্তর আধুনিকতা ও বাংলা কবিতা' শীর্ষক প্রবন্ধ ৩টি সেমিনারে উপস্থাপন করবেন যথাক্রমে অধ্যাপক রফিকুল ইসলাম, কবি হায়াৎ মামুদ ও কবি খোন্দকার আশরাফ হোসেন। পল্লীকবি জসীমউদ্দীনকে এবারের উৎসব উৎসর্গ করা হয়েছে।

টিএসসির উৎসব দফতরে ঢাকার কবিদের ৫০ টাকা ও ঢাকার বাইরের কবিদের ২০ টাকা দিয়ে নিবন্ধন করতে অনুরোধ জানানো হয়েছে। গতকাল নগরীর সাংস্কৃতিক অঙ্গনে বৈচিত্র্যময় আয়োজনের সঙ্গে ছিল প্রখ্যাত আবৃত্তিকার ভাস্বর বন্দ্যোপাধ্যায়ের ৫০ বছর পূর্তি উপলক্ষে সন্ধ্যা ৬টায় জাদুঘরে 'শুভ পঞ্চাশৎ' শীর্ষক তার একক আবৃত্তি সন্ধ্যা, টিএসসিতে বিকাল সাড়ে ৩টায় আবৃত্তি শিল্পী আহকাম উল্লাহর মুক্তির দাবিতে প্রতিবাদী আবৃত্তি অনুষ্ঠান, পাবলিক লাইব্রেরির শওকত ওসমান স্মৃতি মিলনায়তনে লোক নাট্যোৎসবে যাত্রাপালা লাইলি-মজনু'র মঞ্চায়ন ইত্যাদি।

### • আবৃত্তি সন্ধ্যা

পঞ্চাশ বছরে পদার্পণ করে আবৃত্তিতে যেন আরও ভাস্বর হয়ে উঠেছেন প্রখ্যাত আবৃত্তি শিল্পী ভাস্বর বন্দ্যোপাধ্যায়। গতকাল কথা আবৃত্তি চর্চা কেন্দ্র আয়োজিত 'শুভ পঞ্চাশৎ' শীর্ষক আবৃত্তি সন্ধ্যায় ভাস্বর বন্দ্যোপাধ্যায় তারই প্রমাণ দিলেন। পুরো দেড় ঘণ্টা ২৬টি কবিতা আবৃত্তি করে তিনি দর্শকদের মন্ত্রমুগ্ধের মতো আচ্ছন্ন করে রেখেছিলেন। বাইবেলের কালো অক্ষরগুলো, নির্মলেন্দু গুণের হুলিয়া'সহ বিভিন্ন খ্যাতিমান কবির ২৬টি কবিতা আবৃত্তি করেন তিনি।

### কবি স্মরণসভা

বাংলাদেশের চট্টগ্রামে জন্মগ্রহণকারী কলকাতার কবি মঞ্জুষ দাশগুপ্তের মৃত্যুতে স্মরণসভার আয়োজন করে কবিদের সংগঠন 'অনিরুদ্ধ আশি'। তোপখানা রোডের নিউচা ব্যাংক হলে কবি সালেম সুলেরীর সভাপতিত্বে আয়োজিত এ অনুষ্ঠানে অতিথি ছিলেন সর্বকবি আসাদ চৌধুরী, আল মুজাহিদী, সাযযাদ কাদির ও খালেদা এদিব চৌধুরী। স্মৃতিচারণ করেন কলকাতার কবি ধূর্জটি চন্দ। কবি আসলাম সানীর পরিচালনায় আলোচনা পর্বে অংশ নেন সর্বকবি আবিদ আজাদ, শিহাব সরকার, নাসির আহমেদ, ড. মাহবুব হাসান, ফারুক মাহমুদ, সাইফুল্লাহ মাহমুদ দুলাল, রেজাউদ্দিন স্ট্যালিন, ধৃতিশ্রী চন্দসহ প্রবীণ ও তরুণ কবিরা।

আজ বুধবার নগরীর উল্লেখযোগ্য আয়োজনের মধ্যে রয়েছে ভারতীয় হাইকমিশনের আয়োজনে জাদুঘরে সন্ধ্যা ৭টায় পার্বতী দত্ত ও তার দলের কত্থক নৃত্য পরিবেশনা।